

সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৭]

২/ ঈমান (کتاب الإيمان)

পরিচ্ছেদঃ ১৯/ ইসলাম গ্রহন যদি খাঁটি না হয় বরং বাহ্যিক আনুগত্য প্রদর্শনের জন্য বা হত্যার ভয়ে হয়।

بَابُ إِذَا لَمْ يَكُنِ الإِسْلاَمُ عَلَى الْحَقِيقَةِ وَكَانَ عَلَى الإسْتِسْلاَم أُو الْخَوْفِ مِنَ الْقَتْل

আরবী

حَدَّثَنَا أَبُو الْيَمَانِ، قَالَ أَخْبَرَنَا شُعَيْبٌ، عَنِ الزُّهْرِيِّ، قَالَ أَخْبَرَنِي عَامِرُ بْنُ سَعْد بْنِ أَبِي وَقَاصٍ، عَنْ سَعْد، رضى الله عنه أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم أَعْطَى رَهْطًا وَسَعْدٌ جَالِسٌ، فَتَرَكَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم رَجُلاً هُو أَعْجَبُهُمْ إِلَىَّ فَقُلْتُ يَا وَسَعْدٌ جَالِسٌ، فَتَرَكَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم رَجُلاً هُو أَعْجَبُهُمْ إِلَىَّ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ مَا لَكَ عَنْ فُلاَنٍ فَوَاللَّهِ إِنِّي لأَرَاهُ مُؤْمِنًا. فَقَالَ " أَوْ مُسْلِمًا ". فَسَكَتُ قَلِيلاً، ثُمَّ غَلَبْنِي مَا أَعْلَمُ مِنْهُ فَعُدْتُ لِمَقَالَتِي فَقُلْتُ مَا لَكَ عَنْ فُلاَنٍ فَوَاللَّهِ إِنِّي لأَرَاهُ مُؤْمِنًا فَقَالَ " أَوْ مُسْلِمًا ". ثُمَّ غَلَبْنِي مَا أَعْلَمُ مِنْهُ فَعُدْتُ لِمَقَالَتِي وَعَادَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم ثُمَّ قَالَ " يَا سَعْدُ، إِنِّي لأَعْطِي الرَّجُلَ وَغَيْرُهُ أَحَبُ إِلَىَّ مِنْهُ، خَشْيَةَ أَنْ يَكُبُّهُ اللَّهُ فِي وسلم ثُمَّ قَالَ " يَا سَعْدُ، إِنِّي لأَعْطِي الرَّجُلَ وَغَيْرُهُ أَحَبُ إِلَىَّ مِنْهُ، خَشْيَةَ أَنْ يَكُبُّهُ اللَّهُ فِي النَّهْرِيِّ عَنِ الزُّهْرِيِّ عَنِ الزُّهْرِيِّ عَنِ الزُّهْرِيِّ عَنِ الزُّهْرِيِّ عَنِ الزُّهْرِيِّ عَنِ الزُّهْرِيِّ عَنِ الزُّهْرِيِ

বাংলা

তবে তাঁর ইসলাম গ্রহণ মহান আল্লাহর এ বাণী অনুযায়ী হবেঃ

قَالَتِ الْأَعْرَابُ آمَنَّا قُلْ لَمْ تُؤْمِنُوا وَلَكِنْ قُولُوا أَسْلَمْنَا

''আরব মরুবাসীরা বলে, আমরা ঈমান আনলাম; আপনি বলে দিন, তোমরা ঈমান আন নি; বরং তোমরা বল, 'আমরা বাহ্যত মুসলিম হয়েছি। (সূরা হুজরাতঃ ১৪)

আর ইসলাম গ্রহণ খাঁটি হলে তা হবে আল্লাহ্ তা'আলার এ বাণী অনুযায়ীঃ (إِنَّ الدِّينَ عِنْدَ اللَّهِ الإِسْلاَمُ ''নিশ্চয়ই ইসলাম আল্লাহর নিকট একমাত্র দ্বীন''- (সূরাহ্ আলে 'ইমরানঃ ১৯)।

২৬। আবূল ইয়ামান (রহঃ) ... সা'দ (রাঃ) থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদল লোককে



কিছু দান করলেন। সা'দ (রাঃ) সেখানে বসা ছিলেন। সা'দ (রাঃ) বললেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের এক ব্যাক্তিকে কিছু দিলেন না। সে ব্যাক্তি আমার কাছে তাদের চেয়ে অধিক পছন্দনীয় ছিল। তাই আমি বললাম, ইয়া রাসূলল্লাহ্! অমুক ব্যাক্তিকে আপনি বাদ দিলেন কেন? আল্লাহ্র কসম! আমিতো তাকে মু'মিন বলেই জানি। তিনি বললেনঃ (মু'মিন) না মুসলিম? তখন আমি কিছুক্ষণ চুপ থাকলাম। তারপর আমি তার সম্পর্কে যা জানি, তা প্রবল হয়ে উঠল। তাই আমি আমার বক্তব্য আবার বললাম, আপনি অমুককে দানের ব্যপারে বিরত রইলেন?

আল্লাহ্র কসম! আমিতো তাকে মু'মিন বলেই জানি। তিনি বললেনঃ 'না মুসলিম?' তখন আমি কিছুক্ষণ চুপ থাকলাম। তারপর তার সম্পর্কে যা জানি তা প্রবল হয়ে উঠল। তাই আমি আমার বক্তব্য আবার বললাম। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবারও সেই জবাব দিলেন। তারপর বললেনঃ 'সা'দ! আমি কখনো ব্যাক্তি বিশেষকে দান করি, অথচ অন্য লোক আমার কাছে তার চাইতে বেশি প্রিয়। তা এ আশক্ষায় যে (সে ঈমান থেকে ফিরে যেতে পারে পরিণামে), আল্লাহ্ তা'আলা তাকে অধােমুখে জাহান্নামে ফেলে দেবেন। এ হাদীস ইউনুস, সালিহ, মা'মার এবং যুহরী (রহঃ)-এর ভাতিজা যুহরী (রহঃ) থেকে বর্ণনা করেছেন।

English

If one does not embrace Islam truly but does so by compulsion or for fear of being killed (then that man is not a believer)

Narrated Sa'd: Allah's Messenger (sallallahu 'alaihi wa sallam) distributed (Zakat) amongst (a group of) people while I was sitting there but Allah's Messenger (sallallahu 'alaihi wa sallam) left a man whom I thought the best of the lot. I asked, "O Allah's Messenger (sallallahu 'alaihi wa sallam)! Why have you left that person? By Allah I regard him as a faithful believer." The Prophet (sallallahu 'alaihi wa sallam) commented: "Or merely a Muslim." I remained quiet for a while, but could not help repeating my question because of what I knew about him. And then asked Allah's Messenger (sallallahu 'alaihi wa sallam), "Why have you left so and so? By Allah! He is a faithful believer." The Prophet (sallallahu 'alaihi wa sallam) again said, "Or merely a Muslim." And I could not help repeating my question because of what I knew about him. Then the Prophet (sallallahu 'alaihi wa sallam) said, "O Sa'd! I give to a person while another is dearer to me, for fear that he might be thrown on his face in the Fire by Allah."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সা'দ বিন আবূ ওয়াক্কাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন